



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ এপ্রিল ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বিলাইছড়িতে ৮ ত্রিপুরা গ্রামবাসীকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ

রাঙামাটির বিলাইছড়ি উপজেলার বড়থলি ইউনিয়নের দুর্গম ধুপানিছড়া এলাকা থেকে পাড়ার কার্বারীসহ ৮ জন নিরীহ ত্রিপুরা গ্রামবাসীকে গ্রেফতারের নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।

আজ বুধবার (১৭ এপ্রিল ২০২৪) ইউপিডিএফের কেন্দ্রীয় সহসভাপতি নতুন কুমার চাকমা সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে বলেন, গতকাল মঙ্গলবার দুপুর ১:০০টার সময় বান্দরবান রিজিয়নের রাষ্ট্রীয় বাহিনীর সদস্যরা বিলাইছড়ির বড়থলি ইউনিয়নের ধুপানিছড়া, হাতিছড়া ও শেখ পাড়া এলাকায় হানা দিয়ে একজন পাড়ার কার্বারীসহ ৮ জন নিরীহ ত্রিপুরা গ্রামবাসীকে গ্রেফতার করেছে। গ্রেফতারের পর তাদেরকে ক্যাম্পে নিয়ে কিছু 'গাদা বন্দুক'সহ ছবি তোলে 'কেএনএফ সদস্য'র তকমা লাগিয়ে দেওয়া হয়েছে।

গ্রেফতারকৃতরা হলেন- ১। জাতিরাই ত্রিপুরা (৪১), পিতা-সাদিজন ত্রিপুরা, গ্রাম-ধুপানি ছড়া, ৯নং ওয়ার্ডম ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি, রাঙামাটি। তিনি ধুপানিছড়া পাড়ার কার্বারি; ২। পেট্রিক ত্রিপুরা(২৭), পিতা-সুনরাং ত্রিপুরা, গ্রাম-ধুপানি ছড়া, ৯নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি, রাঙামাটি; ৩। কৃষ্ণচন্দ্র ত্রিপুরা(৪০), পিতা-জরেন্দ্র ত্রিপুরা, গ্রাম-হাতি ছড়া পাড়া, ৯নং ওয়ার্ড, বিলাইছড়ি,রাঙামাটি; ৪। যাকোব ত্রিপুরা (৩৯), পিতা-লাস্কু ত্রিপুরা, গ্রাম-হাতিছড়া পাড়া, ৯নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি,রাঙামাটি; ৫। গুনীজন ত্রিপুরা(৪৪), পিতা- মৃত অংশেশ্বর ত্রিপুরা, গ্রাম-শেখ পাড়া, ৮নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন। বিলাইছড়ি, রাঙামাটি; ৬। বীরজয় ত্রিপুরা(১৯), পিতা- গুনীজন ত্রিপুরা, গ্রাম-শেখ পাড়া, ৮নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি,রাঙামাটি; ৭। বীরবাহাদুর ত্রিপুরা (৩৮), পিতা-সতিজন ত্রিপুরা, গ্রাম- শেখ পাড়া, ৮নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি, রাঙামাটি; ৮। সিমন ত্রিপুরা(২৫), পিতা-গণেশ ত্রিপুরা, গ্রাম-শেখ পাড়া, ৮নং ওয়ার্ড, ৪নং বড়থলি ইউনিয়ন, বিলাইছড়ি,রাঙামাটি।

তবে গ্রেফতারকৃতদের মধ্য থেকে কার্বারি জাতিরাই ত্রিপুরাকে আজ (বুধবার) সকাল ১১টায় ছেড়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে।

গ্রেফতারকৃত গ্রামবাসীদের 'কেএনএফ সদস্য' উল্লেখ করে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর)-এর গতকাল সংবাদ মাধ্যমে দেয়া প্রেস বিজ্ঞপ্তিকে মিথ্যা, বানোয়াট ও ষড়যন্ত্রমূলক আখ্যায়িত করে ইউপিডিএফ নেতা বলেন, বিলাইছড়িতে যে ৮ জন ত্রিপুরা গ্রামবাসীকে গ্রেফতার করা হয়েছে তারা সবাই সাধারণ জুমচাষী, কেএনএফের সাথে তাদের কোন সম্পৃক্ততা নেই বলে স্থানীয়রা নিশ্চিত করেছেন। তাছাড়া কেএনএফের সাথে বম সম্প্রদায়ের কিছু লোকজন যুক্ত থাকলেও তাতে ত্রিপুরা সম্প্রদায়ের লোকজনের সম্পৃক্ত থাকারও কোন তথ্য নেই। মূলত রুমা ও থানচিত্তে নাটকীয় ব্যাংক ডাকাতির ঘটনায় জড়িত আসল মদদদাতাদের আড়াল করতে নিরীহ গ্রামবাসীদের গ্রেফতারসহ নানা নিপীড়ন-নির্যাতন, হয়রানি করা হচ্ছে। এটা পাহাড়ীদের নিশ্চিহ্ন করে দেয়ার রাষ্ট্রীয় সুগভীর ষড়যন্ত্রেরই অংশ।

বিবৃতিতে তিনি অবিলম্বে নিরীহ গ্রামবাসীদের গণগ্রেফতার, নিপীড়ন-নির্যাতন ও হয়রানি বন্ধ করা এবং গ্রেফতারকৃতদের নিঃশর্ত মুক্তি দেয়ার দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।